

# ৪৫তম বিসিএম নির্ধিত ফুল কোর্স

## ENGLISH

Lecture: 06

Topic:

Translation 3: Hands on Experience, Your Vocabulary  
Repertoire-03 (G-M)





➔ চীন এখন বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অর্থনীতি। কথাটা অবশ্য অনেকদিন ধরেই বলা হচ্ছিল। কিন্তু অতিসম্প্রতি যখন জাপানের বার্ষিক অর্থনীতির আয়তনটা প্রকাশ করা হলো, তখন তা আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হলো। ছয় বছর আগেও চীন ছিল বিশ্ব অর্থনীতির ষষ্ঠ বৃহত্তম দেশ। বিশ্লেষকরা বলছেন, চীনের অর্থনীতি যদি বর্তমান হালেই বেড়ে চলে তাহলে এক দশক পরে বিশ্ব অর্থনীতির এক নম্বর দেশের অবস্থান থেকে মার্কিন যুক্তরাষ্ট্রকেও হয়তো সড়িয়ে দিয়ে সে স্থানটি নিজের করে নেবে। অবশ্য মাথাপিছু আয়ের দিক থেকে চীনের তুলনায় জাপান এখনো দশ গুণ বেশি শক্তিশালী। একদিকে ইয়েনের বিনিময় হারের উর্ধ্বগতি এবং অন্যদিকে অভ্যন্তরীণ ভোগব্যয় কমে যাওয়া - এ দুয়ের প্রভাবে জাপানের অর্থনীতি যখন নিম্নমুখী তখন চীনে শিল্পোৎপাদনের তেজীভাবের ফলে আজ চীনের অর্থনীতির এ বিরাট উত্তরণ।



- প্রথম বাক্যের ব্যাখ্যা ও অনুবাদ  
চীন এখন বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অর্থনীতি ।

|                           |                            |
|---------------------------|----------------------------|
| দ্বিতীয় বৃহত্তম অর্থনীতি | the second largest economy |
| বিশ্বের                   | of the world               |

- ✓ তাহলে সম্পূর্ণ বাক্যের অনুবাদ হলো  
China is the 2nd largest economy of the world today.



- দ্বিতীয় বাক্যের ব্যাখ্যা ও অনুবাদ  
কথাটি অবশ্য অনেকদিন ধরেই বলা হচ্ছিল।

|                |               |                      |
|----------------|---------------|----------------------|
| কী হচ্ছিল?     | বলা হচ্ছিল    | was being discussed  |
| কী বলা হচ্ছিল? | কথাটা         | The statement,       |
|                | অনেক দিন ধরেই | for a very long time |
|                | অবশ্য         | actually / indeed    |

- ✓ সম্পূর্ণ বাক্যের অনুবাদ হলো

The statement was being discussed for a very long time indeed.



## ➤ তৃতীয় বাক্যের অনুবাদ ও ব্যাখ্যা

কিন্তু অতি সম্প্রতি যখন জাপানের বার্ষিক অর্থনীতির আয়তনটা প্রকাশ করা হলো, তখন তা আনুষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত হলো।

|                    |                           |                             |
|--------------------|---------------------------|-----------------------------|
| কী করা হলো?        | প্রকাশ করা হলো            | was published               |
| কী প্রকাশ করা হলো? | বার্ষিক অর্থনীতির আয়তনটা | The range of annual economy |
| কোথাকার?           | জাপানের                   | of Japan                    |
| কখন?               | অতি সম্প্রতি              | very recently               |

## ✓ প্রথম অংশের অনুবাদ হলো

But when the range of annual economy of Japan was published very recently



## ➤ এখন বাকি অংশের অনুবাদ

|                    |                |                                       |
|--------------------|----------------|---------------------------------------|
| কী হলো?            | প্রতিষ্ঠিত হলো | was built up / established / declared |
| কী প্রতিষ্ঠিত হলো? | তা             | it                                    |
| কীভাবে?            | আনুষ্ঠানিকভাবে | formally                              |

## ✓ সম্পূর্ণ বাক্যের অনুবাদ হলো

But when the report or the range of the annual economy of Japan was declared / published very recently, then it whenever was established formally.

## ✓ বাকি অংশটুকুর অনুবাদ

China was the sixth largest of the world's economy six years ago. Analysts have told, if the economy of the China rises up at the present rate, after decade by replacing USA it will take the first position of the world's economy. Japan is still ten times More powerful than China according to the per capita income. On the one hand, the exchange of Yen is going up, on the other hand there is a falling of internal consumption by considering these two facts-when the economy of Japan is falling down, then there is a big rise of the economy of China which results in the uprise of the industrial production in China today.



➔ আমাদের দেশে ব্যাংক ব্যবস্থাপনায় দ্রুত পরিবর্তন আসে নাই, যদিও সামষ্টিকভাবে অর্থনীতিতে পরিবর্তন এসে গেছে। যখন ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের স্থাপনা হয় তখন জাতীয়করণকৃত ব্যাংক ও বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানের প্রাধান্য ছিল। সে সময় প্রতিযোগিতা ও দক্ষতা তেমন প্রাধান্য পায়নি। আশির দশকে ব্যাংকগুলো অথবা ব্যাংক ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ তাদের প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমে যথাযথ সৃজনশীলতার পরিচয় নির্দিষ্ট করে তুলতে সমর্থ হয়নি। এর পরে আসে বিদেশি ব্যাংকের আগমন যারা তাদের কর্মক্ষেত্রের সীমিত পরিসরে আন্তর্জাতিক সম্পর্কের সুযোগ ব্যবহার করে দেশজ ব্যাংকের জন্য এক ভিন্ন আন্ত সম্পর্ক গড়ে তুলতে সমর্থ হয়। এছাড়াও আসে ইসলামি ধারণা ভিত্তিক ব্যাংকসমূহ। এ পরিবর্তন বাংলাদেশ ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের জন্য চ্যালেঞ্জ ও সুযোগ সৃষ্টি করে। যেহেতু এই ভিন্ন ধারার ব্যাংকের সাথে ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের সম্পর্ক সীমিত, সেহেতু এই চ্যালেঞ্জ ও সুযোগের সার্বিক ব্যবহার করা ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের পক্ষে সম্ভব হয়নি।



## ➤ প্রথম বাক্যের ব্যাখ্যা ও অনুবাদ

আমাদের দেশে ব্যাংক ব্যবস্থাপনায় দ্রুত পরিবর্তন আসে নাই, যদিও সামষ্টিকভাবে অর্থনীতিতে পরিবর্তন এসে গেছে।

|                 |   |   |
|-----------------|---|---|
|                 | আসে নাই   | did not come  |
| কী আসে নাই?     | পরিবর্তন  | change  |
|                 | পরিবর্তন আসে নাই  | change did not come / change did not take place                               |
| কেমন পরিবর্তন?  | দ্রুত পরিবর্তন  | dramatic change / rapid change  |
| কীসের পরিবর্তন? | ব্যাংক ব্যবস্থাপনায়                                    | in bank management  |
| কোথায়?         | আমাদের দেশে   | in our country  |
|                 | আমাদের দেশে ব্যাংক ব্যবস্থাপনায় দ্রুত পরিবর্তন আসে নাই | In our country, rapid change did not occur/come/take place in bank management |



➤ এখন প্রথম বাক্যের বাকি অংশের অনুবাদ হবে

|              |                        |                               |
|--------------|------------------------|-------------------------------|
|              | যদিও                   | though                        |
|              | এসে গেছে               | has taken place               |
| কী এসে গেছে? | পরিবর্তন               | change                        |
|              | যদিও পরিবর্তন এসে গেছে | though change has taken place |
| কোথায়?      | সামষ্টিক অর্থনীতিতে    | in macro economy              |

✓ তাহলে প্রথম বাক্যের পূর্ণাঙ্গ অনুবাদ হলো

In our country, rapid change did not occur in bank management though change in macro-economy has taken place.



## ➤ দ্বিতীয় বাক্যের ব্যাখ্যা ও অনুবাদ

যখন ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠান স্থাপন হয়, তখন জাতীয়করণকৃত ব্যাংক ও বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানের প্রাধান্য ছিল ।

|                |  |  |
|----------------|--|--|
| কী করা হয়?    | স্থাপন                                       | is established / was established                 |
| কী স্থাপন হয়? | ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠান                | Bank Management Institution                      |
|                | যখন ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠান স্থাপন হয় | When Bank Management Institution was established |



➤ এখন বাক্যের পরবর্তী অংশটুকুর ইংরেজি অনুবাদ হবে

|             |  |  |
|-------------|--|--|
|             | জাতীয়করণকৃত ব্যাংক  | nationalized bank  |
|             | বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানের   | specialized financial organization                                       |
| কী হয়েছিল? | ছিল  | had  |
| কী ছিল?     | প্রাধান্য  | dominance  |
|             | তখন জাতীয়করণকৃত ব্যাংক ও বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠানের প্রাধান্য ছিল | Nationalized Banks and specialized financial organizations had dominance |

✓ তাহলে দ্বিতীয় বাক্যের পূর্ণাঙ্গ অনুবাদ হলো

Nationalized Banks and specialized financial organizations had dominance when Bank Management Institution was established.



- তৃতীয় বাক্যের ব্যাখ্যা ও অনুবাদ  
সে সময় প্রতিযোগিতা ও দক্ষতা তেমন প্রাধান্য পায়নি।

|           |                       |                           |
|-----------|-----------------------|---------------------------|
| কী?       | প্রতিযোগিতা ও দক্ষতা  | competition & skill       |
| কী হয়নি? | তেমন প্রাধান্য পায়নি | did not get much priority |
| কখন?      | সে সময়               | at that time              |

- ✓ পুরো বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ

Competitive and skill did not get much priority at that time.



## ➤ চতুর্থ বাক্যের ব্যাখ্যা ও অনুবাদ

আশির দশকে ব্যাংকগুলো অথবা ব্যাংক ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহ তাদের প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমে যথাযথ সৃজনশীলতার পরিচয় নির্দিষ্ট করে তুলতে সমর্থ হয়নি।

|                 |   |   |
|-----------------|---|---|
| কী হয়?         | সমর্থ হয়নি                                 | was / were not able                                   |
|                 | যথাযথ সৃজনশীলতা                             | appropriate creativeness                              |
|                 | নির্দিষ্ট করে তুলতে                         | to determine  |
| কী সমর্থ হয়নি? | যথাযথ সৃজনশীলতার পরিচয় নির্দিষ্ট করে তুলতে | to determine the identity of appropriate creativeness |
| কীসের ব্যাপারে? | তাদের প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমে         | in their training & research activities               |
| কখন?            | আশির দশকে                                   | in the eighties                                       |

## ✓ সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ

In the 80's, banks or bank management related training organizations were not able to determine the identity of appropriate creativeness in their training and research activities.



## ➤ পঞ্চম বাক্যের ব্যাখ্যা ও অনুবাদ

এর পরে আসে বিদেশি ব্যাংকের আগমন যারা তাদের কর্মক্ষেত্রের সীমিত পরিসরে আন্তর্জাতিক সম্পর্কের সুযোগ ব্যবহার করে দেশজ ব্যাংকের জন্য এক ভিন্ন আন্ত সম্পর্ক গড়ে তুলতে সমর্থ হয়।

|                 |   |   |
|-----------------|---|---|
|                 | এরপর আসে                                | then came   |
|                 | বিদেশি ব্যাংকের আগমন                    | the arrival of foreign banks                              |
| কী হয়?         | সমর্থ হয়                               | were able   |
| কে/কারা?        | যারা                                    | who   |
|                 | আন্ত-সম্পর্ক                            | inter-relationship  |
| কীসে সমর্থ হয়? | এক ভিন্ন আন্ত-সম্পর্ক গড়ে তুলতে        | to build up a different inter-relationship                |
| কাদের জন্য?     | দেশজ ব্যাংকের জন্য                      | for native/local banks                                    |
|                 | সুযোগ ব্যবহার করে                       | utilizing the opportunities                               |
| কীভাবে?         | আন্তর্জাতিক সম্পর্কের সুযোগ ব্যবহার করে | utilizing the opportunities of international relationship |
| কোথায়?         | তাদের কর্মক্ষেত্রের সীমিত পরিসরে        | in the limited area of their workplace                    |

## ✓ সম্পূর্ণ বাক্যের ইংরেজি অনুবাদ হবে

Then came the foreign banks which were able to build up a different inter relationship for local banks by utilizing the opportunities of international relationship in the limited area of their workplace.



## ➤ ষষ্ঠ ও সপ্তম বাক্যের ব্যাখ্যা ও অনুবাদ

এছাড়াও আসে ইসলামি ধারণা ভিত্তিক ব্যাংকসমূহ। এ পরিবর্তন বাংলাদেশ ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের জন্য চ্যালেঞ্জ ও সুযোগ সৃষ্টি করে।

|         |                                |                                 |
|---------|--------------------------------|---------------------------------|
|         | এছাড়াও                        | Besides this                    |
| কী?     | ইসলামি ধারণাভিত্তিক ব্যাংকসমূহ | banks based on Islamic ideology |
| কী হয়? | আসে                            | arrived / emerged               |

## ✓ বাক্যের ইংরেজি অনুবাদ হবে

Besides this, banks based on Islamic ideology emerged (= উদ্ভূত হয়)।

পরবর্তী বাক্যের ক্ষেত্রে –

|                |   |  |
|----------------|---|--|
| কী?            | এ পরিবর্তন                                    | This change                              |
| কী করে?        | সৃষ্টি করে                                    | created                                  |
| কী সৃষ্টি করে? | চ্যালেঞ্জ ও সুযোগ                             | challenges and opportunities             |
| কাদের জন্য?    | বাংলাদেশ ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের জন্য | for Bangladesh Bank Management Institute |

## ✓ সম্পূর্ণ বাক্যের একত্রে ইংরেজি অনুবাদ

This change created challenges and opportunities for Bangladesh Bank Management Institute.



## ➤ অষ্টম বাক্যের ব্যাখ্যা ও অনুবাদ

যেহেতু এই ভিন্ন ধারার ব্যাংকের সাথে ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের সম্পর্ক সীমিত সেহেতু এই চ্যালেঞ্জ ও সুযোগের সার্বিক ব্যবহার করা ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের পক্ষে সম্ভব হয়নি।

|                         |  |   |
|-------------------------|--|---|
|                         | যেহেতু ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের সম্পর্ক সীমিত | Since the relationship between Bank Management Institutes was limited                                 |
|                         | ভিন্ন ধারার  | different trends  |
| কার সাথে সম্পর্ক সীমিত? | এই ভিন্ন ধারার ব্যাংকের সাথে                         | with banks of these different trends  |
|                         | সেহেতু   | so  |
| কী হয় নি?              | সম্ভব হয়নি  | was not possible  |
|                         | সার্বিক ব্যবহার করা                                  | make overall use  |
| কী সম্ভব হয়নি?         | এই চ্যালেঞ্জ ও সুযোগের সার্বিক ব্যবহার করা           | to make overall use of these challenges & opportunities / to exploit these challenges & opportunities |
| কার জন্য সম্ভব হয়নি?   | ব্যাংক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের                      | for Bank Management Institutes  |



## ✓ সম্পূর্ণ বাক্যের ইংরেজি অনুবাদ

Since the relationship of Bank Management Institute was limited with the banks of different trends, it was not possible for Bank Management Institutes to make overall use of these challenges & opportunities.

## ✓ এবার সম্পূর্ণ অনুচ্ছেদটির ইংরেজি অনুবাদ নিচে দেয়া হলো

In our country, rapid change did not occur in bank management though change in macro-economy had taken place. Nationalized Banks and specialized financial organizations had dominance when the Bank Management Institution was established. Competitive and skill did not get much priority at that time. In the 80's banks or bank management related training organizations were not able to determine the identity of creativeness in their training and research activities. Then came the foreign banks which were able to build up a different inter-relationship for local banks by utilizing the opportunities of international relationship in the limited area of their workplaces. Besides this, banks based on Islamic ideology were introduced. That change created challenges and opportunities for Bangladesh Bank Management Institute. Since the relationship between Bank Management Institutes was limited with these banks of different trends, it was not possible for Bank Management Institutes to make overall use of these challenges & opportunities.



➔ ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাত শ্রমঘন এবং স্বল্প উৎপাদন সময়কাল সম্পৃক্ত হওয়ায় জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে দ্রুত অবদান রাখতে সক্ষম। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহ বিশেষ করে চরম দারিদ্র্য ও ক্ষুধা নির্মূল করা এবং নারী পুরুষের সমতা ও নারীর ক্ষমতায়নে এ খাত ব্যাপক ভূমিকা রাখতে সক্ষম। এশিয়ার বেশকিছু সমৃদ্ধিশালী দেশের অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এছাড়া আমাদের প্রতিবেশী দেশগুলোও এ খাতের উপর ব্যাপক গুরুত্বারোপ করছে। তাদের দৃষ্টিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাত হচ্ছে “কর্মসংস্থান সৃষ্টির কল” এবং সে কারণেই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, আয় বৈষম্য কমিয়ে আনা, দারিদ্র্য বিমোচন প্রভৃতি লক্ষ্য অর্জনের হাতিয়ার হিসেবে তারা ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নকে বেছে নিয়েছে।



➔ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) আওতায় আন্তর্জাতিক সম্প্রদায় ২০৩০ সালের মধ্যে ক্ষুধার অবসান, খাদ্যনিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জনে প্রতিজ্ঞাবদ্ধ। একই সঙ্গে টেকসই কৃষির প্রসারের অংশ হিসেবে কৃষিজ উৎপাদনশীলতা এবং ক্ষুদ্র পরিসরে খাদ্য উৎপাদকের আয় দ্বিগুণ করার লক্ষ্য রয়েছে। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে সাফল্য লাভের ধারাবাহিকতায় বাংলাদেশও সংশ্লিষ্ট সবাইকে সমতার আওতায় এনে উন্নয়নের স্রোতধারায় যুক্ত করার প্রত্যয় নিয়ে এসডিজি বাস্তবায়নের পথে কাজ করছে।



➔ ভাইয়েরা আমার,

আজ দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে আপনাদের সামনে হাজির হয়েছি। আপনারা সবই জানেন এবং বোঝেন। আমরা আমাদের জীবন দিয়ে চেষ্টা করেছি। কিন্তু দুঃখের বিষয় আজ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুরে আমার ভাইয়ের রক্তে রাজপথ রঞ্জিত হয়েছে। আজ বাংলার মানুষ মুক্তি চায়, বাংলার মানুষ বাঁচতে চায়, বাংলার মানুষ তার অধিকার চায়।

➔ **Translation:**

My Brother

I come before you today with a heart laden with sadness. You are aware of everything and know every bit of happenings. We have tried with our lives. And yet the sadness remains that today, in Dhaka, Chittagong, Khulna, Rajshahi and Rangpur the streets are soaked by the blood of my brothers. Today the people of Bengal desire emancipation, the people of Bengal wish to live, the people of Bengal demand that their rights be acknowledged.



➔ কি অন্যায় করেছিলাম? নির্বাচনের পর বাংলাদেশের মানুষ সম্পূর্ণভাবে আমাকে ও আওয়ামীলীগকে ভোট দেন। আমাদের ন্যাশনাল অ্যাসেম্বলি বসবে, আমরা সেখানে শাসনতন্ত্র তৈরি করবো এবং এদেশকে আমরা গড়ে তুলবো। এদেশের মানুষ অর্থনীতি, রাজনীতি ও সাংস্কৃতিক মুক্তি পাবে।

➔ **Translation:** What wrong have we committed? In the elections, the people of Bangladesh entrusted me and the Awami League with the totality of their electoral support. It was our expectation that the Parliament would meet, there we would frame our Constitution, that we would develop this land, that the people of this country would achieve their economic, political and cultural freedom.



➔ কিন্তু দুঃখের বিষয়, আজ দুঃখের সাথে বলতে হয় ২৩ বছরের করুণ ইতিহাস বাংলার অত্যাচারের, বাংলার মানুষের রক্তের ইতিহাস। ২৩ বৎসরের ইতিহাস মুমূর্ষু নর-নারীর আতর্নাদের ইতিহাস। বাংলার ইতিহাস এদেশের মানুষের রক্ত দিয়ে রাজপথ রঞ্জিত করার ইতিহাস।

➔ **Translation:** But it is a matter of grief that today we are constrained to say in all sadness that the history of the past twenty three years has been the history of a persecution of the people of Bengal, a history of shedding blood of the people of Bengal. This history of the past twenty three years has been one of the agonizing cries of men and women. The history of Bengal has been a history where the people of this land have made the streets and highways of this land crimson with their blood.



⇒ ১৯৫২ সালে রক্ত দিয়েছি। ১৯৫৪ সালে নির্বাচনে জয়লাভ করেও আমরা গদিতে বসতে পারিনি। ১৯৫৮ সালে আইয়ুব খান মার্শাল ল' জারি করে ১০ বছর পর্যন্ত আমাদের গোলাম করে রেখেছে। ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলনে ৭ জুনে আমার ছেলের গুলি করে হত্যা করা হয়েছে।

⇒ **Translation:** We offered blood in 1952; in 1954, we won the elections and yet were not allowed to hold the power. In 1958, Ayub Khan imposed Martial Law and kept the nation in a state of slavery for ten years. On 7 June 1966, when the sons of my land rose in support of the Six-Points movement, they were mown down in gunfire.



- ⇒ ১৯৬৯ সালের আন্দোলনে আইয়ুব খানের পতন হওয়ার পর যখন ইয়াহিয়া খান সাহেব সরকার নিলেন, তিনি বললেন দেশে শাসনতন্ত্র দেবেন-গণতন্ত্র দেবেন, আমরা মেনে নিলাম। তারপর অনেক ইতিহাস হয়ে গেল, নির্বাচন হলো। আমি প্রেসিডেন্ট ইয়াহিয়া খান সাহেবের সাথে দেখা করেছি।
- ⇒ **Translation:** When Yahya Khan took over after Ayub Khan fell in the fury of the movement of 1969, he promised that he would give us a Constitution, give us democracy. We put our faith on him. And then history moved a long way, the elections took place. I have met president yahya Khan.



⇒ আমি, শুধু বাংলার নয়, পাকিস্তানের মেজরিটি পার্টির নেতা হিসেবে তাকে অনুরোধ করলাম, ১৫ ফেব্রুয়ারি তারিখে আপনি জাতীয় পরিষদের অধিবেশন দেন। তিনি আমার কথা রাখলেন না, তিনি রাখলেন ভুট্টো সাহেবের কথা। তিনি বললেন, প্রথম সপ্তাহের মার্চ মাসে হবে।

⇒ **Translation:** I appealed to him, not just as the majority leader of Bengal but also as the majority leader of Pakistan, to convene the National Assembly on 15 February. He did not pay heed to my appeal. He listened to Mr. Bhutto. And he said that the assembly would be convened in the first week of March.



- ➔ আমি বললাম, ঠিক আছে আমরা অ্যাসেম্বলিতে বসবো। আমি বললাম অ্যাসেম্বলির মধ্যে আলোচনা করবো- এমনকি আমি এ পর্যন্তও বললাম, যদি কেউ ন্যায্য কথা বলে, আমরা সংখ্যায় বেশি হলেও একজন যদিও সে হয় তার ন্যায্য কথা আমরা মেনে নেব।
- ➔ **Translation:** I agreed with him and said we would sit in the parliament. I said that we would discuss matters in the assembly. I even went to the extent of suggesting that despite our being in a majority, if anyone proposes anything that is legitimate and right, we would accept his proposal.



⇒ ভুট্টো সাহেব এখানে এসেছিলেন, আলোচনা করলেন। বলে গেলেন যে, আলোচনার দরজা বন্ধ নয়, আরো আলোচনা হবে। তারপর অন্যান্য নেতাদের সাথে আমরা আলোচনা করলাম-আপনারা আসুন, বসুন, আমরা আলাপ করে শাসনতন্ত্র তৈরি করবো।

⇒ **Translation:** Mr. Bhutto came here. He held negotiations with us, and when he left, he said that the door is not closed, that more discussions would take place. After that, I spoke to other political leaders. I told them to join me in deliberations so that we could give shape to a Constitution for the country.



- ➔ তিনি বললেন, পশ্চিম পাকিস্তানের মেম্বাররা যদি এখানে আসে তাহলে কসাইখানা হবে অ্যাসেম্বলি। তিনি বললেন, যে যাবে তাকে মেরে ফেলা হবে, যদি কেউ অ্যাসেম্বলিতে আসে তাহলে পেশোয়ার থেকে করাচী পর্যন্ত দোকান জোর করে বন্ধ করা হবে। আমি বললাম, অ্যাসেম্বলি চলবে। তারপর হঠাৎ ১ তারিখে অ্যাসেম্বলি বন্ধ করে দেয়া হলো।
- ➔ **Translation:** Mr. Bhutto said that if members elected from West Pakistan came here, the Assembly would turn into a slaughter house, and abattoir. He warned that anyone who would join the Assembly would end up losing his life. He issued dreadful warnings of closing down all the shops from Peshawar to Karachi if the Assembly Session went ahead. I said that the Assembly Session would go ahead. And then, Suddenly, on the first on March the Assembly Session was called off.



➔ ইয়াহিয়া খান প্রেসিডেন্ট হিসেবে অ্যাসেম্বলি ডেকেছিলেন। আমি বললাম, আমি যাবো। ভুট্টো বললেন, তিনি যাবেন না। ৩৫ জন সদস্য পশ্চিম থেকে এখানে আসলেন। তারপর হঠাৎ বন্ধ করে দেওয়া হলো, দোষ দেওয়া হলো বাংলার মানুষকে, দোষ দেওয়া হলো আমাকে।

➔ **Translation:** Yahya Khan called the assembly as president. I said, I will go. Bhutto said, he will not go. 35 members came here from the west. Then suddenly it was closed, the people of Bengal were blamed, I was blamed.



➔ বন্ধ করার পর এদেশের মানুষ প্রতিবাদমুখর হয়ে উঠল। আমি বললাম, শান্তিপূর্ণভাবে আপনারা হরতাল পালন করুন। আমি বললাম, আপনারা কলকারখানা সবকিছু বন্ধ করে দেন। জনগণ সাড়া দিল। আপনার ইচ্ছায় জনগণ রাস্তায় বেরিয়ে পড়লো, তারা শান্তিপূর্ণভাবে সংগ্রাম চালিয়ে যাবার জন্য স্থির প্রতিজ্ঞাবদ্ধ হলো।

➔ **Translation:** Once the Assembly meeting was postponed, the people of this land decided to resist the act. I enjoined upon them to observe a peaceful general strike. I instructed them to close down all factories and industrial installations. The people responded positively to my directives. Through sheer spontaneity they emerged on the streets. They were determined to pursue their struggle through peaceful means.



⇒ কি পেলাম আমরা? আমরা পয়সা দিয়ে অস্ত্র কিনেছি বহিঃশত্রুর আক্রমণ থেকে দেশকে রক্ষা করার জন্য, আজ সেই অস্ত্র ব্যবহার হচ্ছে আমার দেশের গরিব-দুঃখী নিরস্ত্র মানুষের বিরুদ্ধে তার বুকোর উপর হচ্ছে গুলি। আমরা পাকিস্তানে সংখ্যাগুরু— আমরা বাঙালিরা যখনই ক্ষমতায় যাবার চেষ্টা করেছি তখনই তারা আমাদের উপর ঝাপিয়ে পড়েছে।

⇒ **Translation:** What have we attained? The weapons we bought with our money to defend the country against foreign aggression are being used against the poor and down-trodden people of my country today. The bullets pierce their hearts today. We are the majority in Pakistan. Whenever we Bengalis have attempted to ascend to the heights of power, they have swooped upon us.



- ➔ টেলিফোনে আমার সাথে তার কথা হয়। তাকে আমি বলেছিলাম, জেনারেল ইয়াহিয়া খান সাহেব, আপনি পাকিস্তানের প্রেসিডেন্ট, দেখে যান কীভাবে আমার গরিবের উপর, আমার মানুষের বুকের ওপর গুলি করা হয়েছে। কী করে আমার মায়ের কোল খালি করা হয়েছে, কী করে মানুষকে হত্যা করা হয়েছে, আপনি আসুন, দেখুন, বিচার করুন। তিনি বললেন, আমি নাকি স্বীকার করেছি ১০ তারিখে রাউন্ড টেবিল কনফারেন্স হবে।
- ➔ **Translation:** I have spoken to him over telephone. I told him, “Mr. Yahya Khan, you are the President of Pakistan. Come, be a witness to the inhumanity in which the people of my Bengal are being deprived of their sons.” I told him, “Come, see and dispense justice”. But he construed that I had agreed to participate in a Round Table Conference to be held on 10 March.



⇒ আমি তো অনেক আগেই বলে দিয়েছি কিসের রাউন্ড টেবিল, কার সাথে বসবো? যারা আমার মানুষের বুকের রক্ত নিয়েছে, তাদের সাথে বসবো? হঠাৎ আমার সাথে পরামর্শ না করে পাঁচ ঘণ্টার গোপন বৈঠক করে যে বক্তৃতা তিনি করেছেন তাতে সমস্ত দোষ তিনি আমার উপর দিয়েছেন, বাংলার মানুষের উপর দিয়েছেন।

⇒ **Translation:** I have already said a long time ago, what RTC? With whom do I sit down to talk? Can I fraternize with those who have taken the blood of my people? All of a sudden, without discussing anything with me and after a secret meeting lasting five hours, he has delivered a speech in which he has placed all blames for the impasse on me, on the people of Bengal.



➤ ভাইয়েরা আমার,

২৫ তারিখে অ্যাসেম্বলি কল করেছে, রক্তের দাগ শুকায় নাই। আমি ১০ তারিখে সিদ্ধান্ত নিয়েছি ঐ শহীদের রক্তের উপর পাড়া দিয়ে আরটিসিতে মুজিবুর রহমান যোগদান করতে পারে না। অ্যাসেম্বলি কল করেছেন, আমার দাবি মানতে হবে। প্রথমে সামরিক আইন 'মার্শাল ল' withdraw করতে হবে। সমস্ত সামরিক বাহিনীর লোকদের ব্যারাকে ফেরত যেতে হবে। যেভাবে হত্যা করা হয়েছে তার তদন্ত করতে হবে। আর জনগণের প্রতিনিধির হাতে ক্ষমতা হস্তান্তর করতে হবে। তারপর বিবেচনা করে দেখবো, আমরা অ্যাসেম্বলিতে বসতে পারবো কি পারবো না। **এর পূর্বে অ্যাসেম্বলিতে বসতে আমরা পারি না।**

➤ **Translation:**

My brothers,

They have called the Assembly on the twenty-fifth. The marks of blood have not yet dried up. I said on the tenth that Mujibur Rahman would not walk across that blood to take part in a Round Table Conference. You have called the Assembly. But my demands must be met first. Martial Law must be withdrawn. All military personnel must be taken back to the barracks. An inquiry must be conducted into the manner in which the killings have been caused. And power must be transferred to the elected representatives of the people. And only then shall we consider the question of whether or not to sit in the National Assembly. Prior to the fulfilment of our demands, we cannot take part in the Assembly.



➔ আমি প্রধানমন্ত্রীত্ব চাই না। আমরা এদেশের মানুষের অধিকার চাই। আমি পরিষ্কার অক্ষরে বলে দিতে চাই যে, আজ থেকে এ বাংলাদেশে কোর্ট-কাছারি, আদালত-ফৌজদারী, শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে। গরিবের যাতে কষ্ট না হয়, যাতে আমার মানুষ কষ্ট না করে সেজন্য সমস্ত অন্যান্য যে জিনিসগুলো আছে, সেগুলোর হরতাল কাল থেকে চলবে না। রিক্সা, গরুর গাড়ি, রেল চলবে, লঞ্চ চলবে।

➔ **Translation:** I do not wish to become the Prime Minister. I wish to see the rights of the people of this country established. Let me make it clear, without ambiguity, that beginning today, in Bangladesh, all courts, magistracies, government offices and educational institutions will remain closed for an indefinite period. In order that the poor do not suffer, in order that my people do not go through pain, all other activities will continue, will not come within the ambit of the general strike from tomorrow. Rickshaws, Bullock-Cart, trains and river vessels will ply.



⇒ শুধু সেক্রেটারীয়েট, সুপ্রীমকোর্ট, হাইকোর্ট, জর্জকোর্ট, সেমি-গভর্নমেন্ট দপ্তর, ওয়াপদা, কোনোকিছু চলবে না। ২৮ তারিখে কর্মচারীরা গিয়ে বেতন নিয়ে আসবেন। এরপর যদি বেতন দেয়া না হয়, আর যদি একটা গুলি চলে, আর যদি আমার লোককে হত্যা করা হয়- তোমাদের কাছে অনুরোধ রইল, প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোলা।

⇒ **Translation:** The supreme Court, High Court, Judge's Court, semi-government offices, WAPDA-nothing will work. Employees will collect their salaries on the twenty eight. But if the salaries are not paid, if another bullet is fired, if any more of the people are murdered, it is my directive to all of you: turn every house into a fortress.



➔ তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা করতে হবে এবং জীবনের তরে রাস্তাঘাট যা যা আছে সবকিছু। আমি যদি হুকুম দিবার নাও পারি, তোমরা বন্ধ করে দেবে। আমরা ভাতে মারবো, আমরা পানিতে মারবো। তোমরা আমার ভাই, তোমরা ব্যারাকে থাকো, কেউ তোমাদের কিছু বলবে না। কিন্তু আর আমার বুকুর উপর গুলি চালাবার চেষ্টা করো না। ৭ কোটি মানুষকে দাবায়ে রাখতে পারবা না। আমরা যখন মরতে শিখেছি তখন কেউ আমাদের দাবিয়ে রাখতে পারবে না।

➔ **Translation:** Use whatever you can put your hands on to confront this enemy. Ever last road must be blocked. We will deprive them of food, we will deprive them of water. Even if I am not around to give you the orders, and if my associates are also not to be found, I ask you to continue your movement unabated. I say to them again, you are my brothers, return now to the barracks where you belong and no one will bear any hostility toward you. Only do not attempt to aim any more bullets at our hearts and the seven million people of this land will not be cowed down by you or accept suppression any more. The Bengali people have learned how to die for a cause and you will not be able to bring them under your yoke of suppression!



➔ আর যে সমস্ত লোক শহীদ হয়েছে, আঘাতপ্রাপ্ত হয়েছে, আমরা আওয়ামী লীগের পক্ষ থেকে যতদুর পারি তাদের সাহায্য করতে চেষ্টা করবো। যারা পারেন আমার রিলিফ কমিটিকে সামান্য টাকা-পয়সা পৌঁছে দেবেন। আর এ ৭ দিনের হরতালে যে সমস্ত শ্রমিক ভাইয়েরা যোগদান করেছে, প্রত্যেক শিল্পের মালিক তাদের বেতন পৌঁছে দেবেন। সরকারি কর্মচারীদের বলি, আমি যা বলি তা মানতে হবে।

➔ **Translation:** To assist the families of the martyred and the injured, the Awami League has set up committees that will do all they can. Please donate whatever you can. Also, employers must give full pay to the workers who participated in the seven days of hartal or were not able to work because of curfews. To all government employees, I say that my directives must be followed.



⇒ যে পর্যন্ত আমার এ দেশের মুক্তি না হচ্ছে, ততদিন খাজনা ট্যাক্স বন্ধ করে দেয়া হলো- কেউ দেবে না। শুনুন, মনে রাখবেন, শত্রুবাহিনী ঢুকেছে নিজেদের মধ্যে আত্মকলহ সৃষ্টি করবে, লুটতরাজ করবে। এ বাংলায়-হিন্দু-মুসলমান, বাঙালি, অ-বাঙালি যারা আছে তারা আমাদের ভাই, তাদের রক্ষার দায়িত্ব আপনাদের উপর, আমাদের যেন বদনাম না হয়।

⇒ **Translation:** From today, until this land has been freed, no taxes will be paid to the government any more. But be very careful. Keep in mind that the enemy has infiltrated our ranks to engage in the work of provocateurs. Whether Bengali or non-Bengali, Hindu or Muslim, all is our brothers and it is our responsibility to ensure their safety.



- ⇒ মনে রাখবেন, রেডিও-টেলিভিশনের কর্মচারীরা যদি রেডিওতে আমাদের কথা না শোনে তাহলে কোন বাঙালি রেডিও স্টেশনে যাবেন না। যদি টেলিভিশনে আমাদের নিউজ না দেয়, কোন বাঙালি টেলিভিশনে যাবেন না। ২ ঘণ্টা ব্যাংক খোলা থাকবে, যাতে মানুষ তাদের মাইনেপত্র নিতে পারে। পূর্ববাংলা থেকে পশ্চিম পাকিস্তানে এক পয়সাও চালান হতে পারবে না। টেলিফোন, টেলিগ্রাম আমাদের এ পূর্ব বাংলায় চলবে এবং বিদেশের সাথে দেয়া নেয়া চলবে না।
- ⇒ **Translation:** I also ask you to stop listening to radio, television and the press if these media do not report news of our movement. If television does not give us news, no Bengali will go to television. Banks will be open for 2 hours, so that people can collect their bank notes. Not a single paisa can be sent from East Bengal to West Pakistan. Telephone, telegram will work in East Bengal and will not be accepted abroad.



⇒ কিন্তু যদি এই দেশের মানুষকে খতম করার চেষ্টা করা হয়, বাঙালিরা বুঝে-শুনে কাজ করবেন। প্রত্যেক গ্রাম, প্রত্যেক মহল্লায় আওয়ামী লীগের নেতৃত্বে সংগ্রাম পরিষদ গড়ে তোল এবং তোমাদের যা কিছু আছে, তাই নিয়ে প্রস্তুত থাকো। মনে রাখবা, রক্ত যখন দিয়েছি, রক্ত আরো দেবো। এই দেশের মানুষকে মুক্ত করে ছাড়বো ইনশাআল্লাহ। এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। জয় বাংলা।

⇒ **Translation:** I ask my people to immediately set up committees under the leadership of the Awami League to carry on our struggle in every neighborhood, village, union and subdivision of this land. Since we have given blood, we will give more of it. But, Insha'Allah, we will free the people of this land! The struggle this time is for emancipation! The struggle this time is for independence! Joy Bangla!



- ➔ **বাংলা:** বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার গৌরবময় ইতিহাসকে ভিত্তি করে নির্মিত কয়েকটি ভাস্কর্য এ-বিশ্ববিদ্যালয়ের সৌন্দর্য বহুগুণ বাড়িয়ে দিয়েছে। সবুজের মাঝে কংক্রিট বা ব্রোঞ্জ তৈরি ভাস্কর্যগুলো দাঁড়িয়ে আছে মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও ভাষা আন্দোলনের প্রতিচ্ছবি হয়ে।
- ➔ **অনুবাদ:** A few sculptures based on the glorious history of Bangladesh's liberation war and independence have magnified the beauty of the university. In the middle of the green, the concrete or bronze sculptures are standing as a reflection of the liberation war, independence, and the language movement.
- ➔ **বাংলা:** এসব ভাস্কর্য এক প্রজন্ম থেকে আরেক প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস পৌঁছে দিচ্ছে। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস, ঐতিহ্য ও চেতনাকে স্মরণ রাখতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে নির্মাণ করা হয় ভাস্কর্য 'সংশপ্তক'।
- ➔ **অনুবাদ:** These sculptures are delivering the true history of the liberation war from one generation to another. To commemorate the glorious history, tradition, and spirit of Bangladesh's great liberation war, the sculpture 'Sanshaptak' was constructed at Jahangirnagar University.



- ➔ **বাংলা:** যুদ্ধে জয়লাভ অথবা মৃত্যু—এই শপথে আবদ্ধ থেকে লড়াই করেন যে অকুতোভয় বীর, তিনিই ‘সংশপ্তক’। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে স্থাপিত এই ভাস্কর্যটির মাধ্যমে ফুটিয়ে তোলা হয়েছে যুদ্ধে শত্রুর আঘাতে এক হাত, এক পা হারিয়েও রাইফেল হাতে লড়ে যাওয়া দেশমাতৃকার এক বীরসন্তানকে।
- ➔ **অনুবাদ:** Victory or death in the war—the one who fought bound by the oath that the fearless hero is ‘Sanshaptak’. This sculpture, established in front of the central library of the university, portrays a brave son of the country who lost an arm and a leg in the war but fought with a rifle.
- ➔ **বাংলা:** ভাস্কর্যটির নির্মাতা শিল্পী হামিদুজ্জামান খান মুক্তিযুদ্ধের চেতনাকে ব্রোঞ্জের অবয়বে প্রতীকী ব্যঞ্জনায় প্রকাশ করার চেষ্টা করেছেন। আজকের প্রজন্মের কাছে ভাস্কর্যটি যে-কোনো আন্দোলন-সংগ্রামের অনিঃশেষ প্রেরণা হিসেবে কাজ করে।
- ➔ **অনুবাদ:** The sculptor of the sculpture, Artist Hamiduzzaman Khan has tried to convey the spirit of the liberation war in a symbolic form in bronze. For today's generation, the sculpture serves as an endless inspiration for any movement.



➔ It is unfortunate that people in Bangladesh are unable to benefit from the fall in the prices of essentials in the international market. On the contrary, Bangladeshis have been struggling to make ends meet with domestic prices remaining extremely high. As a result of the Russia-Ukraine war, prices of essentials in the international market hit a record high 10 months ago. Since then, prices of most commodities have come down in the international market, but not by the same amount or at all in our domestic market, according to Prothom Alo findings. The price of soybean oil, for example, went up to \$1,883 per ton back in May 2022.



## ➤ প্রথম বাক্যটির ব্যাখ্যা ও অনুবাদ

It is unfortunate that people in Bangladesh are unable to benefit from the fall in the prices of essentials in the international market.

বাক্যটিকে ছোট ছোট অংশে বিভক্ত করে ইংরেজি থেকে বাংলায় অনুবাদ-

|                             |                     |   |  |
|-----------------------------|---------------------|---|--|
| It is unfortunate that      | এটা দুর্ভাগ্যজনক যে | people in Bangladesh                      | বাংলাদেশের মানুষ                       |
| are unable to benefit       | লাভবান হতে পারছে না | from the fall in the prices of essentials | নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম কমে গেলেও |
| in the international market | আন্তর্জাতিক বাজারে  |   |  |

## ✓ সম্পূর্ণ বাক্যের সাবলীল অনুবাদটি হবে নিম্নরূপ

এটা দুর্ভাগ্যজনক যে বাংলাদেশের মানুষ আন্তর্জাতিক বাজারে নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম কমে গেলেও লাভবান হতে পারছে না।



## ➤ দ্বিতীয় বাক্যটির ব্যাখ্যা ও অনুবাদ

On the contrary, Bangladeshis have been struggling to make ends meet with domestic prices remaining extremely high.

বাক্যটিকে ছোট ছোট অংশে বিভক্ত করে ইংরেজি থেকে বাংলায় অনুবাদ-

|                   |                           |                                   |                          |
|-------------------|---------------------------|-----------------------------------|--------------------------|
| On the contrary   | বিপরীত পক্ষে              | Bangladeshis have been struggling | বাংলাদেশিরা সংগ্রাম করছে |
| to make ends meet | তাদের শেষ প্রয়োজন মেটাতে | with domestic prices              | দেশীয় মূল্যে            |
| remaining         | চলমান                     | extremely high                    | অতি উচ্চ                 |

## ✓ সম্পূর্ণ বাক্যের সাবলীল অনুবাদটি হবে নিম্নরূপ

বিপরীত পক্ষে, বাংলাদেশিরা অভ্যন্তরীণ বাজার থেকে অতি উচ্চ মূল্যে তাদের শেষ প্রয়োজন মেটানোর জন্য সংগ্রাম করে যাচ্ছেন।



## ➤ তৃতীয় বাক্যটির ব্যাখ্যা ও অনুবাদ

As a result of the Russia-Ukraine war, prices of essentials in the international market hit a record high 10 months ago.

বাক্যটিকে ছোট ছোট অংশে বিভক্ত করে ইংরেজি থেকে বাংলায় অনুবাদ-

